# মডেল টেস্ট– ৯

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. মুক্তিযুদ্ধ চলাকালীন তোমার বয়স ২৫ বছর হলে তুমি কোন কাজটি করতে?
ⓚ মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ⓚ নিজ বাড়িতে অবস্থান
ⓖ মনোযোগ দিয়ে পড়াশুনা ⓖ নিরাপদ আশ্রয়কেন্দ্রে অবস্থান

২. মেধা ফেনী জেলার বাসিন্দা। মুক্তিযুদ্ধের সময় মেধার বসবাসকারী জেলা কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?
ⓚ ১নং ⓚ ২নং ⓖ ৫নং ⓖ ১০নং

৩. ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বর অধ্যাপক মুনীর চৌধুরীকে পাকিস্তানি হানাদার বাহিনী হত্যা করে। তিনি আমাদের নিকট কী হিসেবে পরিচিত?
ⓚ বুদ্ধিজীবী ⓚ নাট্যকার
ⓖ সাহিত্যিক ⓖ জাতীয় অধ্যাপক

৪. ঘসেটি বেগম নবাব সিরাজ-উদ-দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্রের কারণ হিসেবে তুমি কোনটিকে চিহ্নিত করবে?
ⓚ ঈর্ষা
ⓚ ক্ষমতার লোভ
ⓖ অতিরিক্ত অর্থলোভ
ⓖ অবাধ ব্যবসা-বাণিজ্যের অধিকার লাভ

৫. একজন শিক্ষার্থী হিসেবে তুমি ব্রিটিশ শাসনের কোন দিকটি সবচেয়ে গ্রহণযোগ্য বলে মনে কর?
ⓚ সড়ক পথের উন্নয়ন ⓚ রেলপথের উন্নয়ন
ⓖ টেলিগ্রাফের প্রচলন ⓖ জ্ঞান-বিজ্ঞানের প্রসার

৬. রাবেয়া শিক্ষাসফরে গিয়ে প্রাচীন বাংলার বৃহৎ একটি নগরের ধ্বংসাবশেষ দেখতে পায়। রাবেয়ার দেখা ধ্বংসাবশেষটি কোন আমলে প্রতিষ্ঠিত হয়েছিল?
ⓚ সুলতানি ⓚ মুঘল ⓖ সেন ⓖ মৌর্য

৭. সোমপুর মহাবিহারের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নত হওয়ার যথার্থ কারণ কোনটি?
ⓚ রান্নাঘর পাওয়া ⓚ মন্দির পাওয়া
ⓖ স্নানঘর পাওয়া ⓖ পাকা নর্দমা পাওয়া

৮. উনিশ শতকে হিন্দু বণিকদের সুতা বাণিজ্যের কেন্দ্র হিসেবে একটি নগরী গড়ে উঠেছিল। এখানে কোন নগরীর কথা বলা হয়েছে?
ⓚ ঢাকা নগরী ⓚ পানাম নগরী
ⓖ লালবাগ নগরী ⓖ সোনারগাঁও নগরী

৯. বাংলাদেশে বিভিন্ন ধরনের ডাল চাষ হয়। এগুলো কোন অঞ্চলে চাষ করা হয়?
ⓚ উত্তর ও পশ্চিমাঞ্চলে ⓚ দক্ষিণ ও পশ্চিমাঞ্চলে
ⓖ পূর্ব ও দক্ষিণাঞ্চলে ⓖ উত্তর ও পূর্বাঞ্চলে

১০. বাংলাদেশের খাদ্য সরবরাহের প্রধান উৎস হিসেবে তুমি কোন খাতটিকে চিহ্নিত করবে?
ⓚ কৃষি খাত ⓚ শিল্প খাত
ⓖ ব্যবসা খাত ⓖ মৎস্য খাত

১১. মনে কর, তোমার প্রতিবেশী মঞ্জু চাচা বাংলাদেশের প্রধান অর্থকরী কৃষিদ্রব্য চাষ করেন। তার চাষকৃত ফসলটির নাম কী?
ⓚ ধান ⓚ গম ⓖ আলু ⓖ পাট

TeachingBD.com

১২. ধর তোমার মা তোমাকে মাংস রান্না করতে দিয়ে পরিমাণমতো মসলা ব্যবহার করতে বললেন। তুমি এটি ব্যবহার করবে কেন?
ক) মাংসের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য
খ) মাংস সুস্বাদু করার জন্য
গ) মাংস বিষাক্ত করার জন্য
ঘ) মাংস দূষণ মুক্ত করার জন্য

১৩. বাংলাদেশের অধিক জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের জন্য তুমি কী পরামর্শ দিবে?
ক) শিক্ষা ও প্রশিক্ষণের
খ) খাদ্য সমস্যা সমাধানের
গ) বাসস্থান নিশ্চিতকরণের
ঘ) স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের

১৪. তোমার এলাকার জনসংখ্যা অধিক হলেও অধিকাংশ মানুষ শিক্ষিত, কারিগরি জ্ঞানসম্পন্ন। তাদের যথার্থ পরিচয় কোনটি?
ক) দেশের বোঝা
খ) অতিরিক্ত জনসংখ্যা
গ) প্রাকৃতিক সম্পদ
ঘ) দক্ষ জনসম্পদ

১৫. বিদেশে কর্মরত জনাব ইমরান হোসেন তার উপার্জিত অর্থের মাধ্যমে পরিবারের আর্থিক চাহিদা পূরণ করেন। এর পাশাপাশি তিনি আর কোনটি করেন?
ক) সমাজ সংস্কারমূলক কর্মকাণ্ড
খ) রাজনীতিতে সক্রিয় অংশগ্রহণ
গ) স্বীয় প্রভাব প্রতিপত্তি বৃদ্ধি
ঘ) দেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন

১৬. বাংলাদেশের গড় তাপমাত্রা পূর্বাপেক্ষা বৃদ্ধি পাচ্ছে। প্রতি বছর বন্যা, অতিবৃষ্টি কিংবা অনাবৃষ্টি হচ্ছে। এর প্রধান কারণ কোনটি বলে তুমি মনে কর?
ক) আবহাওয়া পরিবর্তন
খ) মৌসুমি বায়ুর প্রভাব
গ) গাছপালা ধ্বংস
ঘ) জলবায়ু পরিবর্তন

১৭. ভূমিকম্পের সময় তুমি বিছানায় শুয়ে থাকলে কী করবে?
ক) ছোটাছুটি করবে
খ) দৌড়ে ঘর থেকে বেরিয়ে যাবে
গ) বিম এর পাশে গিয়ে দাঁড়াবে
ঘ) বালিশ দিয়ে মাথা ঢেকে রাখবে

১৮. মৃদু ভূমিকম্প মোকাবিলায় ভবন নির্মাণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করলে বড় ধরনের বিপদ থেকে রক্ষা পাওয়া যায়। এক্ষেত্রে কোন পর্যায়ে সতর্কতা অবলম্বন করতে হবে?
ক) ব্যক্তি পর্যায়ে
খ) সরকারিভাবে
গ) স্থানীয় পর্যায়ে
ঘ) আন্তর্জাতিক পর্যায়ে

১৯. তুমি সুস্থ ও সুন্দরভাবে বেঁচে থাকতে চাইলে তোমার কোন অধিকারটি অবশ্যই প্রয়োজন?
ক) মানবাধিকার
খ) রাজনৈতিক অধিকার
গ) অর্থনৈতিক অধিকার
ঘ) সাংস্কৃতিক অধিকার

২০. ধর, তোমার প্রতিবেশী মঞ্জু চাচা স্বাধীনভাবে দেশের যেকোনো জায়গায় ভ্রমণ করতে পারে। তার এভাবে চলাফেরা করার অধিকার কোন ধরনের অধিকার?
ক) মৌলিক মানবাধিকার
খ) সামাজিক অধিকার
গ) রাজনৈতিক অধিকার
ঘ) সাংস্কৃতিক অধিকার

২১. সানজিদার একটি মাটির পুতুল আছে। এর প্রতি তার খুব আকর্ষণ। সে যেখানেই যায় পুতুলটিকে সঙ্গে রাখে। সানজিদাকে কী বলা যায়?
ক) বুদ্ধিমান শিশু
খ) প্রতিভাবান শিশু
গ) অটিস্টিক শিশু
ঘ) স্বাভাবিক শিশু

Teachingbd.com

২২. তুমি দেখলে তোমার প্রতিবেশী একটি বাড়ির সদস্যরা তাদের কাজে সহায়তাকারী মেয়েটিকে দিয়ে শারীরিক সামর্থ্যের অতিরিক্ত কাজ ও ঝুঁকিপূর্ণ কাজ করায়। এক্ষেত্রে তুমি কী করবে?
ⓚ মেয়েটিকে কাজে সাহায্য করব
ⓚ মেয়েটিকে কাজ ছেড়ে দিতে বলব
ⓖ বাড়ির সদস্যদের শিশু অধিকার সম্পর্কে সচেতন করব
ⓖ পুলিশে খবর দেব

২৩. নারী ও পুরুষের সমতা নিশ্চিত করতে ১৯৭৭ সাল থেকে সারা বিশ্বব্যাপী একটি দিবস পালিত হয়ে আসছে। সেই দিবসটির নাম কী?
ⓚ আন্তর্জাতিক শ্রমিক দিবস ⓚ আন্তর্জাতিক নারী দিবস
ⓖ আন্তর্জাতিক ভাষা দিবস ⓖ আন্তর্জাতিক খাদ্য দিবস

২৪. উচ্চশিক্ষা লাভ করে ইফা চৌধুরী গ্রামে গিয়ে নারীদের জন্য একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ইফা চৌধুরীর কাজের সাথে কোন মহিয়সী নারীর কাজের মিল রয়েছে?
ⓚ সুফিয়া কামাল ⓚ কামিনী রায়
ⓖ ক্লারা জেটকিন ⓖ বেগম রোকেয়া

২৫. তুমি তোমাদের সমাজের অসুবিধাগ্রস্ত মানুষের প্রতি কী ধরনের আচরণ করবে?
ⓚ অসহযোগিতামূলক ⓚ অসহিষ্ণু
ⓖ কষ্টদায়ক ⓖ সহযোগিতামূলক

২৬. তোমার একজন বন্ধু প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় তোমার চেয়ে বেশি নম্বর পেয়েছে। তুমি কী করবে?
ⓚ তাকে বকা দিব ⓚ তাকে ঈর্ষা করব
ⓖ তাকে বিদ্রুপ করব ⓖ তাকে অভিনন্দিত করব

২৭. অপরিচিত কোনো ব্যক্তি তোমাকে কিছু খেতে দিলে তুমি কী করবে?
ⓚ ছোট ভাইকে নিয়ে খাব ⓚ কৌশলে এড়িয়ে যাব
ⓖ খাবারটি অন্য শিশুকে দেব ⓖ বন্ধুদেরকে নিয়ে খাব

২৮. তোমার ছোট ভাইকে নিয়ে রাস্তা পার হওয়ার সময় দেখলে রাস্তা বেশ ফাঁকা। তবে রাস্তা পারাপারের জন্য ওভারব্রীজও রয়েছে। তুমি কীভাবে রাস্তা পার হবে?
ⓚ জেব্রাক্রসিং দিয়ে ⓚ ওভারব্রীজ দিয়ে
ⓖ রাস্তা দিয়ে ⓖ যেকোনো একটি পথে

২৯. প্রতিটি রাষ্ট্র পরিচালনার জন্য বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন হয়। এ অর্থ কীভাবে সংগ্রহ করা হয়?
ⓚ ব্যবসায়ীদের দেওয়া কর থেকে ⓚ চাকরিজীবীদের দেওয়া কর থেকে
ⓖ নাগরিকদের দেওয়া কর থেকে ⓖ কৃষকদের দেওয়া কর থেকে

৩০. সুবেন-সুমন শ্রেণির ভালো ছাত্র। তারা কীভাবে তাদের শ্রেণিনেতা নির্বাচন করবে?
ⓚ সবার ঐকমত্যের ভিত্তিতে ⓚ নিজেদের ইচ্ছামতো
ⓖ শিক্ষকের মতামতের ভিত্তিতে ⓖ ভালো ছাত্রদের মতানুযায়ী

৩১. ধর, তোমার বান্ধবী গারো নৃ-গোষ্ঠীর সদস্য। সে কোন পোশাকটি পরিধান করবে?
ⓚ দকবান্দা ⓚ কাজিম পিন ⓖ ওয়াংলাই ⓖ রিসা

৩২. খাসিরা মাতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থায় বাস করে। তাদের এ সমাজ ব্যবস্থার সাথে কাদের মিল পাওয়া যায়?
ⓚ ম্রো ⓚ ওঁরাও ⓖ ত্রিপুরা ⓖ গারো

৩৩. ১৯৪৫ সালের ২৪এ অক্টোবর জাতিসংঘ গঠিত হয়। কোন উপলব্ধি থেকে সংস্থাটি গঠিত হয়েছিল?
ⓚ বিশ্বশান্তি ও নিরাপত্তা ⓚ সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন
ⓖ সম্প্রীতি ও সহযোগিতা ⓖ অর্থনৈতিক ও রাজনৈতিক উন্নয়ন

http://teachingbd.com

৩৪. তুমি জাতিসংঘের উন্নয়নমূলক সংস্থা ইউনিসেফে কর্মরত থাকলে কোন কাজটি করবে?
ক মা ও শিশুর স্বাস্থ্যরক্ষা
খ পরিবেশের উন্নয়ন
গ প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংরক্ষণ
ঘ জনগণের স্বাস্থ্য ও পুষ্টি উন্নয়ন

৩৫. কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য তিন ধরনের যোগান দরকার। তার মধ্যে বাংলাদেশে প্রাকৃতিক ও মানব সম্পদ থাকলেও কোনটি কম রয়েছে?
ক ভূমি
খ শ্রম
গ মূলধন
ঘ সংগঠন

৩৬. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
ক তাজউদ্দিন আহমেদ
খ সৈয়দ নজরুল ইসলাম
গ ক্যাপ্টেন মনসুর আলী
ঘ এ. এইচ. এম. কামারুজ্জামান

৩৭. নারী জাগরণের অগ্রদূত বলা হয় কাকে?
ক সুলতানা-রাজিয়াকে
খ বেগম ফয়জুন্নেসাকে
গ মেহের নিগারকে
ঘ বেগম রোকেয়াকে

৩৮. পাহাড়পুরের ঐতিহাসিক নিদর্শনটি কত খ্রিষ্টাব্দে নির্মিত হয়?
ক ৭৮১-৮২১
খ ৭৯১-৮৩১
গ ৮০০-৮৮০
ঘ ৮১০-৮৬০

৩৯. গিয়াসউদ্দিন আযম শাহের মাজার কোথায় অবস্থিত?
ক সোনারগাঁও
খ পাহাড়পুর
গ মহাস্থানগড়
ঘ লালবাগ

৪০. ঢাকা শহরে প্রায় কত লক্ষ গৃহহীন শিশু মানবেতর অবস্থায় জীবনযাপন করছে?
ক ২ লক্ষ ৩০ হাজার
খ ২ লক্ষ ৫০ হাজার
গ ৩ লক্ষ ৩০ হাজার
ঘ ৩ লক্ষ ৫০ হাজার

৪১. বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় সিডর বাংলাদেশে আঘাত হানে কত সালে?
ক ২০০৫
খ ২০০৭
গ ২০০৯
ঘ ২০১১

৪২. বেগম রোকেয়া কোথায় বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন?
ক মেদিনীপুর
খ রামপুর
গ ভাগলপুর
ঘ নবাবপুর

৪৩. নারীরা পুরুষের সমান মজুরি এবং দৈনিক আট ঘণ্টা শ্রমের দাবিতে বিশ্বের কোথায় প্রথম আন্দোলন করে?
ক ঢাকায়
খ রোমে
গ নিউইয়র্কে
ঘ মেলবোর্নে

৪৪. কিসের ফলে সবাই মিলেমিশে চলতে শিখে?
ক গণতন্ত্রের চর্চা
খ নির্বাচনের
গ দলনেতার নির্দেশে
ঘ বড়দের সম্মান করার

৪৫. খাসিদের সমাজ ব্যবস্থা কোন ধরনের?
ক পরিবারতান্ত্রিক
খ সমাজতান্ত্রিক
গ মাতৃতান্ত্রিক
ঘ পিতৃতান্ত্রিক

৪৬. কোনটি বিশ্বব্যাংক এর কাজ?
ক খাদ্য চাহিদা পূরণ
খ বিশ্বের জনগণের স্বাস্থ্যের উন্নয়ন
গ মহাসচিব নিয়োগ
ঘ ঋণ ও সাহায্য প্রদান

৪৭. সদস্য দেশগুলোর জীবনযাত্রার মান উন্নয়ন কোন সংস্থার লক্ষ্য?
ক জাতিসংঘ
খ সার্ক
গ ইউনিসেফ
ঘ ইউনেস্কো

৪৮. কাদের মতামতের ভিত্তিতে শ্রেণিনেতা নির্বাচন করা হয়?
ক সবার
খ ছাত্রদের
গ শিক্ষকের
ঘ গুরুজনের

৪৯. বাড়িতে দুর্ঘটনার হাত থেকে রক্ষা পাওয়ার উপায় কোনটি?
ক গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা
খ অপরিচিত জনদের জন্য দরজা খোলা
গ খালি পায়ে বৈদ্যুতিক তার ধরা
ঘ প্রাথমিক চিকিৎসার বাক্স রাখা

http://teachingbd.com

৫০. প্রত্যেকেরই কোনটির অধিকার রয়েছে?
ⓚ শিক্ষার ⓚ দেশভ্রমণের ⓖ গাড়ি কেনার ⓘ অত্যাচারের

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) তোমাকে কেউ অমানবিক কোনো কাজ করতে বললে তুমি কী করবে?
(খ) আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয় কেন?
(গ) তুমি বিদ্যালয় থেকে বাড়ি ফেরার পথে দেখতে পেলে তোমার বিদ্যালয়ের একজন শিক্ষার্থীকে রাস্তায় ছেলেরা নির্যাতন করছে। তুমি কী করবে?
(ঘ) হারুন পার্বত্য চট্টগ্রামে বেড়াতে গেল। সেখানে নাতং নামের কানের দুল তার ছোট বোনের জন্য ক্রয় করল। হারুন যে দুল ক্রয় করল তা কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মেয়েরা পরে?
(ঙ) ২১এ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। কোন সংস্থার উদ্যোগে দিনটি এ মর্যাদা লাভ করেছে?
(চ) পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করে কোথায়?
(ছ) ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি প্রতিষ্ঠা করা হয় কত সালে?
(জ) দুইটি প্রাচীন নিদর্শনের নাম লেখ।
(ঝ) বাংলাদেশের একটি প্রধান কৃষিদ্রব্যের নাম লেখ।
(ঞ) একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কয়টি?
(ট) নদীভাঙনের মানবসৃষ্ট কারণ লেখ।
(ঠ) মানবাধিকার কাকে বলে?
(ড) ভারতীয় উপমহাদেশে নারী অধিকার প্রতিষ্ঠার অগ্রদূত বলা হয় কাকে?
(ঢ) নারী নির্যাতন দমনের জন্য কোন নীতিটি প্রবর্তন করা হয়েছে?
(ণ) বাংলাদেশে সড়ক দুর্ঘটনার পরিমাণ কিরূপ?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭ = ৩৫

(ক) মনে কর, তোমার সহপাঠী মিশু ও নাহার মহাস্থানগড়ে বেড়াতে গিয়েছে। সেখানে কোন কোন নিদর্শন মিশু ও নাহারকে আকৃষ্ট করবে পাঁচটি বাক্যে লেখ। ৫
(খ) মনে কর, রোদেলা গৃহহীন শিশু। তার মা-বাবা নেই। সে কী কী সমস্যার সম্মুীন হতে পারে পাঁচটি বাক্যে লেখ। ৫
(গ) তোমার বিদ্যালয়ে একটি অটিস্টিক শিশু রয়েছে। তাকে চেনার জন্য তিনটি বৈশিষ্ট্য লেখ। তার সাথে তুমি কিরূপ ব্যবহার করবে তার দুটি লেখ। ৩+২=৫
(ঘ) সমাজ ও সভ্যতার উন্নয়নের সাথে সাথে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনযাত্রাও পরিবর্তিত হচ্ছে। এক্ষেত্রে গারো জনগোষ্ঠীর জীবনযাত্রায় যে পরিবর্তন এসেছে তা পাঁচটি বাক্যে লেখ। ৫
(ঙ) ২৪শে অক্টোবর বিশ্ব জাতিসংঘ দিবস। দিবসটিতে তোমার করণীয় পাঁচটি বাক্যে লেখ। ৫
(চ) পলাশীর যুদ্ধের ফলাফল সম্পর্কে পাঁচটি বাক্যে লেখ। ৫
(ছ) বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের অবদান পাঁচটি বাক্যে লেখ। ৫
(জ) বাংলাদেশে জনসংখ্যা সমস্যা সমাধানে গ্রহণ করা উচিত এরূপ পাঁচটি কৌশল উল্লেখ কর। ৫
(ঝ) বাড়িতে কাজে সহায়তাকারীর প্রতি আমাদের আচরণ কেমন হওয়া উচিত? পাঁচটি বাক্যে লেখ। ৫
(ঞ) গারোদের উৎসব পাঁচটি বাক্যে বর্ণনা কর। ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৯ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক |
| ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ |
| ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ |
| ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ক |
| ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ | ৪১ | খ | ৪২ | গ | ৪৩ | গ | ৪৪ | ক | ৪৫ | গ |
| ৪৬ | ঘ | ৪৭ | খ | ৪৮ | ক | ৪৯ | ঘ | ৫০ | ক | | | | | | | | |

২। (ক) আমাকে কেউ অমানবিক কোনো কাজ করতে বললে কাজটি করব না।

(খ) নারী-পুরুষের বৈষম্য হ্রাসের জন্য আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়।

(গ) আমি নির্যাতন বন্ধের জন্য বয়োজ্যাষ্ঠ কোনো মানুষের সহায়তা নেব।

(ঘ) হারুন যে দুল ক্রয় করল তা ত্রিপুরা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মেয়েরা পরে।

(ঙ) ইউনেস্কোর উদ্যোগে দিনটি এ মর্যাদা লাভ করেছে।

(চ) পাকিস্তানি বাহিনী ঢাকার রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ করে।

(ছ) ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি প্রতিষ্ঠা করা হয় ১৬০০ সালে।

(জ) দুইটি প্রাচীন নিদর্শন হলো– মহাস্থানগড় ও উয়ারী-বটেশ্বর।

(ঝ) বাংলাদেশের একটি প্রধান কৃষিদ্রব্য হলো ধান।

(ঞ) একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান তিনটি।

(ট) নদীভাঙনের মানবসৃষ্ট কারণ হলো বালি উত্তোলন, নদী তীরবর্তী গাছাপালা কেটে ফেলা, অপরিকল্পিত নদী খনন ইত্যাদি।

(ঠ) সকল সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারগুলো হচ্ছে মানবাধিকার।

(ড) ভারতীয় উপমহাদেশে নারী অধিকার প্রতিষ্ঠার অগ্রদূত বলা হয় বেগম রোকেয়াকে।

(ঢ) নারী নির্যাতন দমনের জন্য 'জাতীয় নারী উন্নয়ন নীতি' প্রবর্তন করা হয়েছে।

(ণ) বাংলাদেশে সড়ক দুর্ঘটনার পরিমাণ অনেক বেশি।

http://teachingbd.com